

া সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৫

১/ পবিত্রতা (ﷺ الله عن رسول الله) পরিচ্ছেদঃ উযু করার পর দু'আ।

باب فِيمَا يُقَالُ بَعْدَ الْوُضُوءِ

আরবী

حَدَّثَنَا جَعْفَرُ بَنُ مُحَمَّدِ بَنِ عِمْرَانَ التَّعْلَبِيُّ الْكُوفِيُّ، حَدَّثَنَا زَيْدُ بَنُ حُبَابِ، عَنْ مُعَاوِيَةَ بَنِ مَنْ تَوَصَّاً فَأَحْسَنَ الْوُضُوءَ بَنِ الْخُطَّابِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ تَوَصَّاً فَأَحْسَنَ الْوُضُوءَ بُنِ الْخُطَّابِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " مَنْ تَوَصَّاً فَأَحْسَنَ الْوُضُوءَ ثُمَّ قَالَ أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ اللَّهُمَّ اجْعَلْنِي مِنَ المَّتَطَهِّرِينَ فُتِحَتْ لَهُ ثَمَانِيَةُ أَبُوابِ الْجَنَّةِ يَدْخُلُ مِنْ الجَعْلْنِي مِنَ الْمُتَطَهِّرِينَ فُتِحَتْ لَهُ ثَمَانِيةُ أَبُوابِ الْجَنَّةِ يَدْخُلُ مِنْ الْجَعْلِنِي مِنَ الْمُتَطَهِّرِينَ فُتِحَتْ لَهُ ثَمَانِيةُ أَبُوابِ الْجَنَّةِ يَدْخُلُ مِنْ أَيِّهَا شَاءَ ". قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَنسٍ وَعُقْبَةَ بْنِ عَامِرٍ . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ عُمْرَ قَدْ خُولِفَ زَيْدُ بْنُ حُبَابٍ فِي هَذَا الْحَدِيثِ . قَالَ وَرَوَى عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ عَنْ رَبِيعَةَ بْنِ عَالِمٍ عَنْ أَبِي إِذْرِيسَ عَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ عَنْ عُمْرَ وَعَنْ رَبِيعَةَ عَنْ أَبِي عُثْمَانَ عَنْ جُبَيْرِ بْنِ نُفَيْرٍ عَنْ عُمْرَ . وَهَذَا الْبَابِ كَبِيرُ شَيْعُ فِي إِسْنَادِهِ مُصَلِّ عُنْ مُعَوْدِةً عَنْ أَبِي عُنْ عُمْرَ شَيْئًا .

বাংলা

৫৫. জা'ফর ইবনু মুহাম্মাদ ইবনু ইমরান আছ-ছ'লাবী আল-কৃফী (রহঃ) উমর ইবনু খাত্তাব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেন কোন ব্যক্তি যদি খুব ভাল করে উয় (ওজু/অজু/অযু) করে এই দু'আ পড়ে তবে জান্নাতের সব দরজাই তার জন্য খুলে যাবে এবং যে দরজা দিয়ে সে ইচ্ছা করবে সেটি দিয়েই জান্নাতে প্রবেশ করতে পারবে। দু'আটি হলঃ

أَشْهَدُ أَنْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ وَأَشْهَدُ أَنَّ مُحَمَّدًا عَبْدُهُ وَرَسُولُهُ اللَّهُمَّ اجْعَلْنِي مِنَ التَّوَّابِينَ وَاجْعَلْنِي مِنَ التَّوَّابِينَ وَاجْعَلْنِي مِنَ الْمُتَطَهِّرِينَ



আমি সাক্ষ্য দিচ্ছি আল্লাহ্ ছাড়া কোন ইলাহ নেই। তিনি এক, তাঁর কেউ শরীক নেই। আরো সাক্ষ্য দিচ্ছি যে, মুহাম্মাদ তাঁর বান্দা ও রাসুল। হে আল্লাহ্! আমাকে তওবাকারীদের মধ্যে শামিল কর এবং পবিত্রদের অন্তর্ভুক্ত কর। - ইবনু মাজাহ ৪৭০, তিরমিজী হাদিস নম্বরঃ ৫৫ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেন এই বিষয়ে আনাস এবং উকবা ইবনু আমির রাদিয়াল্লাছ আনছ থেকেও হাদিস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী বলেন, উমর রাদিয়াল্লাছ আনছ বর্ণিত এই হাদিসটির সনদে বর্ণনাকারী যায়দ ইবনু হুবাবের সাথে অন্য বর্ণনাকারীদের বর্ণনায় গরমিল বলেছে। অন্যান্য বর্ণনাকারিগণ আবূ ইদরীস খওলানী ও আবূ উছামন এবং উমর রাদিয়াল্লাছ আনছ এর মাঝে অপর এক রাবীল কথাও উল্লেখ করেছেন। যেমন-আবদুল্লাহ ইবনু সালিহ প্রমুখ মু'আবিয়া ইবনু সালিহ-রাবী'আ ইবনু উয়যীদের সূত্রে বর্ণিত এই হাদিসটি সনদে আবূ ইদরীস এবং উমর রাদিয়াল্লাছ আনছ এর মাঝে উকবা ইবনু আমিরের নাম উল্লেখ করেছেন। এভাবে আবূ উছমান ও উমর রাদিয়াল্লাছ আনছ এর মাঝে জুবায়র ইবনু নুফায়লের নাম উল্লেখ করেছেন। পক্ষান্তরে যায়দ ইবনু হুবারের বর্ণনায় এরূপ নেই। যা হোক, এই হাদিসটির সনদে ইয়তিরাব রয়েছে। নবী সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম থেকে এই বিষয়ে সহীহ সনদে বিশেষ কিছু ছাবিত নেই। ইমাম মুহাম্মাদ আল-বুখারী বলেছেন, আবূ ইদরীস (রহঃ) উমর রাদিয়াল্লাহু আনহু থেকে কোন কিছু গুনেননি।

English

Umar bin Al-Khattab narrated that:

Allah's Messenger said: 'Whoever performs Wudu, making Wudu well, then says: (Ashhadu an la ilaha illallah, wahdahu la sharika lahu, wa ashhadu anna Muhammadan-abduhu wa rasuluhu, Allahummajalni minat tawwabin, waj'alni minal mutatahhirin) 'I testify that none has the right to be worshipped but Allah Alone, there are no partners for Him. And I testify that Muhammad is His servant and Messenger. O Allah! Make me among the repentant, and make me among those who purify themselves.' Then eight gates of Paradise are opened for him, that may enter by whichever of them wishes."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উমর ইবনুল খাত্তাব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন